

২০১১-২০১২ শিক্ষাবর্ষে বিশেষ কোটার শর্তসমূহ নিম্নরূপ :

- (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীরা ভর্তি পরীক্ষায় পাশ নম্বর পেলে অবশ্যই তাদের জাতিভিত্তিক প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপিসহ আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমা দিতে হবে।
- (খ) মুক্তিযোদ্ধার পুত্র/কন্যারা ভর্তি পরীক্ষায় পাশ নম্বর পেলে অবশ্যই তাদের পিতা/ মাতার মুক্তিযুদ্ধের সনদপত্রের সত্যায়িত ফটোকপি সহ আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমা দিতে হবে।
- (গ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ভর্তি পরীক্ষায় কৃতকার্য হলে শারীরিক প্রতিবন্ধী প্রার্থী হিসাবে আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমার পর বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটির রিপোর্টের ভিত্তিতে ভর্তির বিষয়াদি বিবেচনা করা হবে।
- (ঘ) ওয়ার্ড কোটায় আবেদনকারী রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর পুত্র/কন্যা ভর্তি পরীক্ষায় পাশ নম্বর পেলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশকৃত আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমা দিতে হবে।

১০। ভর্তির জন্য নির্বাচিত হলে মূল ভর্তি ফরম বিভাগ থেকে সংগ্রহ করতে হবে এবং মূল ভর্তি ফরমের সঙ্গে নিম্নলিখিত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

- (ক) এস.এস.সি / সমমান পরীক্ষার মূল মার্কশীট ও মূল সার্টিফিকেট ;
(খ) এইচ.এস.সি /সমমান পরীক্ষার মূল মার্কশীট ;
(গ) শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র ;
(ঘ) সাম্প্রতিক তোলা (অনুর্দ্ধ ৩ মাস) পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ফটো।

১১। ভর্তির সময় সংশ্লিষ্ট বিভাগে মূল সার্টিফিকেট ও মূল মার্কশীট ১ বছরের জন্য জমা দিতে হবে।

১২। সেমিস্টার পদ্ধতি চালু আছে এরকম বিভাগে ক্লাস শুরুর তারিখ থেকে ১৫ (পনের) দিন এবং বার্ষিক পরীক্ষা পদ্ধতি চালু আছে এরকম বিভাগে ক্লাস শুরুর তারিখ থেকে ১ (এক) মাসের মধ্যে কোন শিক্ষার্থী ২৫% ক্লাশে উপস্থিত না থাকলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ক্লাস শুরুর পরে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তির তারিখ থেকে ক্লাশের উপস্থিতি গণনা করা হবে।

পরবর্তীতে ঐ সকল শূন্য আসনে বিভাগ মেধার ভিত্তিতে ছাত্র/ছাত্রী ভর্তি করতে পারবে।